আজকের কাগজ

তারিখ 28 AUG 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# বিশ্ববিদ্যালয় শিক্ষকরা ৫ ও ৮ সেপ্টেম্বর কর্মবিরতি পালন করবে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২৫ জন সন্ত্রাসী ছাত্রের বিরুদ্ধে দুই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়েরকৃত মামলার ভিত্তিতে অবিলম্বে তাদের গ্রেফতারের দাবি জানিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন।

একই দাবিতে ফেডারেশন আগামী ৫ ও ৮ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পূর্ণ দিবস কর্মবিরতির কর্মসূচি ঘোষণা করেছে। পরীক্ষা গ্রহণ এই কর্মবিরতির আওতার বাইরে থাকবে বলে ফেডারেশন সূত্রে জানানো হয়েছে। খবর বিজ্ঞপ্তি।